# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

দাফন (التدفين)

দাফন কোথায় হবে এ নিয়ে মতভেদ সৃষ্টি হয়। তখন আবুবকর ছিদ্দীক্ব (রাঃ) এসে বলেন,إِنِّى سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ مَا قُبِضَ نَبِىٌّ إِلاَّ دُفِنَ حَيْثُ يُقْبَضُ ‘আমি রাসূলুল্লাহ (ছাঃ)-কে বলতে শুনেছি যে, নবীগণ যেখানে মৃত্যুবরণ করেন, সেখানেই কবরস্থ হন’।[1] এ হাদীছ শোনার পর সকল মতভেদের অবসান হয়। ছাহাবী আবু ত্বালহা রাসূল (ছাঃ)-এর বিছানা উঠিয়ে নেন। অতঃপর সেখানেই ‘লাহাদ’ (لَحَد) অর্থাৎ পাশখুলী কবর খনন করা হয়’ (ইবনু মাজাহ হা/১৫৫৭)। আবু ত্বালহা উক্ত কবর খনন করেন (ইবনু হিশাম ২/৬৬৩)। অতঃপর কবরে নামেন হযরত আলী, ফযল ও কুছাম বিন আববাস, শুক্বরান ও আউস বিন খাওলী’ (ইবনু হিশাম ২/৬৬৪)।

## ফুটনোট

[1]. ইবনু মাজাহ হা/১৬২৮; ছহীহুল জামে‘ হা/৫৬০৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5757

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন